

126

প্রসঙ্গ : পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা

আগামী ১৫ই অক্টোবর ১৯৮৭ চাকা বিশ্ববিদ্যালয়ের পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ। তাই এ নিয়ে চিঠিপত্র শুভে শুরু হয়েছে লেখালেখি। অনেক চাচ্ছেন পরীক্ষা পেছানো হোক আবার কেউ কেউ চাচ্ছেন যথা-সময়ে পরীক্ষা হোক। এই মত-বিরোধ নিয়ে যতই দাবী জানানো হোক না কেন দাবী পূরণ হবে কি ?

পরীক্ষা হঠাৎ করে আমাদের সামনে আসে না। প্রতিদিন পাঠ তৈরী করলে, দু'বছরকাল বসে পরীক্ষার প্রস্তুতি নেয়া যায়। বন্যার স্বয়ং ছিল মাত্র দেড়/দু'মাস। যদি পরীক্ষা পেছানো হয় তবে আমাদের মতো সেশন জট সৃষ্টি হবে।

তাই সেশন জট থেকে মুক্তি পাওয়ার জন্য পরীক্ষা যথাসময়ে (১৫ই অক্টোবর) অনুষ্ঠিত হওয়াই শ্রেয় বলে মনে করি।

স্বকমলেশু মিত্র, গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।

ডোমার কলেজের মহিলা প্রভাষকদের আবেদন

ডোমার সরকারী কলেজের মহিলা প্রভাষকরা গত জানুয়ারী '৮৭ থেকে তাদের বেতন ও অন্যান্য ভাতা পাচ্ছে না। এর প্রধান কারণ কলেজের অধ্যক্ষ তাঁর ব্যক্তিগত গামলা পরিচালনার কাছ থেকে প্রভাষকদের বেতন আটকিয়ে বায় করেছেন এবং বলেছেন যে, গামলায় জম্মী হলে তিনি সব টাকা একবারে দিচ্ছেন।

অন্যান্য ভাতা যা সরকার থেকে দেয়া হয় যেমন ছিদ বোনাস এবং টিচার্স বেনিফিট সেগুলোও এখনো তারা পাননি।

এমতাবস্থায় বন্যাক্রিষ্ট ডোমারের দু'ভিক্ষপীড়িত এই প্রভাষকদের/বেতন ও ভাতাদি পরিপোষের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও মহামান্য প্রেসিডেন্টের আশু হস্তক্ষেপ কামনা করা হচ্ছে।

জনৈক ওরাকেকদাল।